



মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনার সর্বোচ্চ শাস্তির দাবিতে ছাত্রশক্তির মিছিল



সংগৃহীত ছবি

মানবতাবিরোধী অপরাধের অভিযোগে অভিযুক্ত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সর্বোচ্চ শাস্তির দাবিতে শাহবাগে আলোকমিছিল করেছে জাতীয় ছাত্রশক্তি। রোববার (১৬ নভেম্বর) রাতে শাহবাগ মোড় থেকে শুরু হওয়া মিছিলটি রাজু ভাস্কর্য ও বিশ্ববিদ্যালয় এলাকা ঘুরে শেষে একই স্থানে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়। সমাবেশে সংগঠনের সভাপতি জাহিদ আহসান অভিযোগ করেন, আওয়ামী লীগ শুধু সাম্প্রতিক সময়েই নয়, প্রতিষ্ঠালগ্ন থেকেই দমন-পীড়ন ও গণহত্যার রাজনীতি চালিয়ে এসেছে। তিনি আরও প্রশ্ন তোলেন, মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবের হোসেন চৌধুরীকে জামিন দেওয়ার যৌক্তিকতা কোথায়। ছাত্রশক্তির নেতারা সমাবেশে বলেন, ন্যায়বিচার প্রতিষ্ঠা হলে নিহতদের পরিবার—আবু সাঈদ ও মুঈসহ অনেকের স্বজনেরা স্বস্তি পাবেন। একই সঙ্গে তারা সতর্ক করে বলেন, অযথা আওয়ামী লীগকে আড়াল বা রক্ষার চেষ্টা করলে জনগণ তা মেনে নেবে না এবং দলটি আর দেশের রাজনীতিতে আগের অবস্থানে ফেরার সুযোগ পাবে না।

LENS ASIA